WORLD TOURISM DAY 2014

Tourism & Community Development

Beautiful Bangladesh – Land of Stories



27 September 2014

Tourism and Community Development

The theme of World Tourism Day-2014 underlines the potential of tourism to promote opportunities for communities around the world, as well as the role that community engagement has in advancing sustainable tourism development. "Tourism and Community Development" is much timed to the debate on tourism's contribution to the Sustainable Development Goals (SDGs), the guiding principle promoted by the United Nations (UN) after 2015 which emphasizes a high priority on local participation. With the special focus on the community, World Tourism Day 2014 highlights the role of tourism to advancing sustainable development from the proletariat level.

Tourism is a people-based economic activity built on social interaction, engaging the local population by contributing to social values without any damages in any way to the values and the culture of the host communities. It works as the tool for community development. Community Based Tourism (CBT) involves the local population as well as local government in the decision making process according to local priorities.

CBT is regarded as a solution to resolve conflicts between socio-cultural-environmental protection and local need for development. It has been emerged as a promising alternative to conventional approaches to development, a participatory, holistic and inclusive process that can lead to positive, concrete changes in communities by creating employment, reducing poverty, restoring natural environment, stabilizing local economy and escalating community control.

Tourism, communities and sustainable development are closely linked and sustainable development is used both in the tourism industry and community development. Sustainable tourism looks for deeper involvement of locals, which provide local people an opportunity to make their living. According to the UNWTO, sustainability principles in tourism refer to the environmental, economic and socio-cultural aspects of tourism development. A suitable balance must be established between these three dimensions to guarantee its long-term sustainability:

- Make optimal use of environmental resources that constitute a key element in tourism development, maintaining essential ecological process and protecting natural resources and biodiversity.
- Respect the socio-cultural authenticity of host communities, conserve their built and living cultural heritage and traditional values and contribute to inter-cultural understanding and tolerance.
- Ensure viable, long-term economic operations, providing socio-economic benefits to all stakeholders that are fairly distributed, including stable employment and income-earning opportunities and social services to host communities, and contributing to poverty alleviation.

Community Based Tourism (CBT) is often recognized as a perfect example of sustainable tourism that allows visitors to connect closely with the communities they visit. CBT most commonly refers to communities which engage in 'front line operations' that incorporate direct interface with tourists, such as home-stays and lodges; transports; small eco tours; guide and porter services for local tours/treks; cultural performances for fee paying visitors; tea-houses; refreshment kiosks and restaurants; and souvenir/handicrafts outlets. CBT is not simply a tourism business. Rather, it is more concerned with the impact of tourism on the community and environmental resources. Community-based development empowers people to be more aware of the value of their community assets- their culture, heritage, cuisine, lifestyle and environment. It mobilizes them to convert these into income generating projects. Community tourism encourages cross-cultural understanding between host and visitor, and improves livelihoods. Communities are the owners of these tourism enterprises, they have the incentive to establish standards for international tourists and invest in a quality tourism product. Most CBT projects are small scale and are regarded as being less harmful to the socio-cultural-natural environment. Besides, CBT enables the tourist and the community to be aware of the commercial and social value placed on their natural and cultural heritage through tourism, and this will foster community based conservation of these resources.

The success or failure of CBT initiatives depends on the way in which the projects are implemented. Four aspects are necessary to explain the success of CBT implementation:

- Comprehensive planning and Clear strategy agreed by the local community.
- Partnerships between communities and the government, private sector and NGOs.
- Community's capacity to deliver tourism assets and willingness to engage in tourism.
- Availability of Funding and micro-credit is crucial.

Asia and the Pacific region is now the most booming destination of the globe with variety of tourism markets and different characteristics where most tourists' activities are carried out at the level of local communities. In order to guide local communities to develop tourism under the principal of sustainability, UNWTO has conducted community-based tourism projects throughout Asia mainly in the form of formulating tourism development plans, guidelines as well as institutional strengthening and capacity building. Indonesia, Malaysia, Thailand, Vietnam, Cambodia, Philippines, Nepal, Bhutan, India from Asia is working intimately on community development through tourism and improving the local life-style.

Bangladesh has huge potential to develop tourism because of its attractive natural beauty, biodiversity and rich cultural heritage. According to WTTC's Annual Report 2014, the total contribution of Travel & Tourism to the GDP was BDT 460.3bn (4.4% of GDP) in 2013 and is forecasted to rise by 7.9% in 2014 and to rise by 6.5% pa to BDT935.5bn (4.7% of GDP) in 2024. The total contribution to employment was 3.8% (2,846,500 jobs) in 2013 which is expected to rise by 4.2% in 2014 (2,965,000 jobs) and rise by 3.0% pa to 3,974,000 jobs in 2024 (4.2% of total). To retain the trend of this development in future community based rural tourism should be encouraged though the concept of CBT and its benefits are still unexplored in our country. Bangladesh can be an ideal destination for CBT, because it has thousands of villages and most of its heritage sites and international tourist attractions are located in rural areas. Besides, culture, lifestyle, cuisine, festivals, handicrafts of rural areas always attract tourists. Local people can contribute to the local economy by engaging themselves in tourism business like home-stay operation, producing handicrafts, tour guiding and organizing cultural shows and festivals. For sustainable progress in poverty eradication, employment opportunity, and infrastructural development in rural areas now it is the right time for considering the CBT implementation as well as conventional mass tourism.

In the perspective of Bangladesh, CBT can add value in the national economy if some measures can be taken into account:

- Enhancing the concept of Community Based Tourism
- Enhancing the focus of tourism on emerging and minority communities
- Showing respect to the local culture, heritage and environmental protection
- Enhancing knowledge and awareness among the locals and providing Guide training.
- Ensuring technical and promotional activity
- Providing bank loan (funding) and ensuring other incentives for investment
- Creating travel facilitation
- Taking strategies for resource mobilization
- Formulating and implementing the consistent tourism strategies and policies

Bangladesh Government is very much pro-active for advancing CBT as a tool of sustainable development. The government has emphasized on CBT in the National Tourism Policy-2010. The government has encouraged initiatives for the implementation of CBT including home-stay operation, engagement of the community and local government in tourism business and planning without any damage to local culture, heritage and environment. Local cultural groups are being encouraged for organizing attractive cultural programs regularly for the tourists. Also the government has emphasized for preparing skilled tour Guide from young indigenous community under short, middle and long term annual development project/program. For ensuring security of the tourists the government has already introduced "Tourists Police".

In Bangladesh very few CBT initiatives have been taken from private entrepreneurs yet. Bangladesh Parjatan Corporation, the pioneer of tourism development of the country can take initiatives for implementing CBT. The government is working as a facilitator for the successful implementation of CBT in the country. The Ministry of Civil Aviation and Tourism is playing the role as catalyst for creating an investors friendly environment and preparing an integrated work-plan for the entire development of tourism.

Bangladesh Tourism Board (BTB), National Tourism Organization is trying to coordinate with all the government agencies, NGOs, stakeholders and investors for the implementation of the National Tourism Policy including CBT initiatives. BTB is working hard for the promotion of Bangladesh tourism locally and internationally. Besides the Board is trying to establish Bangladesh as a popular community based tourist destination in the globe by integrating all government & private initiatives and activities. BTB likes to incorporate all stakeholders, private entrepreneurs and the government in this development process.

Pradip Ranjan Chakraborty
Director
Bangladesh Tourism Board

রাষ্ট্রপতি
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ
ঢাকা

১২ আশ্বিন ১৪২১
২৭ সেপ্টেম্বর ২০১৪

বাণী

বিশ্বের অন্যান্য দেশের ন্যায় বাংলাদেশেও 'বিশ্ব পর্যটন দিবস-২০১৪' পালিত হচ্ছে জেনে আমি আনন্দিত। এবছর বিশ্ব পর্যটন দিবসের প্রতিপাদ্য 'Tourism and Community Development' অর্থাৎ 'স্থানীয় জনগোষ্ঠীর উন্নয়নে পর্যটন' বৈশ্বিক প্রেক্ষাপটে সময়োপযোগী হয়েছে বলে আমি মনে করি।

পর্যটন শিল্প এর বহুমাত্রিকতা ও ব্যাপ্তির কারনে বিশ্বে গুরুত্বপূর্ণ শিল্প হিসেবে প্রতিষ্ঠিত হয়েছে। পর্যটনের সাথে এলাকার সংস্কৃতি, ঐতিহ্য ও কৃষ্টি অঙ্গাঙ্গীভাবে জড়িত। পর্যটকরা দর্শনীয় স্থান পরিদর্শনের পাশাপাশি এলাকার জীবনযাত্রা, লোকাচার ইত্যাদি বিষয়ে পরিচিত হতে চায়। ফলে পর্যটনকে কেন্দ্র করে গড়ে ওঠে অর্থনৈতিক ও সাংস্কৃতিক কর্মকাণ্ড। তাই স্থানীয় জনগোষ্ঠীর উন্নয়নে পর্যটন একটি গুরুত্বপূর্ণ মাধ্যম হিসেবে কাজ করে থাকে। এবারের প্রতিপাদ্য জাতিসংঘ ঘোষিত টেকসই উন্নয়ন লক্ষ্য অর্জনে পর্যটনের গুরুত্বপূর্ণ ভূমিকার উপর গুরুত্বারোপ করা হয়েছে। স্থানীয় জনগোষ্ঠীকে পর্যটন কর্মকাণ্ডে সম্পৃক্তকরণের মাধ্যমে তাদের কর্মসংস্থানের সুযোগসহ ব্যবস্থাপনা প্রক্রিয়ায় অংশীদারিত্ব নিশ্চিত করা সম্ভব।

বাংলাদেশে পর্যটন শিল্পের বিকাশে রয়েছে অফুরন্ত সম্ভাবনা। এ সম্ভাবনাকে কাজে লাগিয়ে দেশের পর্যটন শিল্পের উন্নয়নে দেশি-বিদেশি বিনিয়োগের পাশাপাশি স্থানীয় জনগোষ্ঠীর অংশগ্রহণের সুযোগ করে দিতে হবে। একইসাথে বিশ্বসভায় দেশের পর্যটন শিল্পকে তুলে ধরতে হবে। স্থানীয় কৃষ্টি, ঐতিহ্য ও মূল্যবোধকে সমুন্নত রেখে দেশের পর্যটন শিল্পের উন্নয়নে পর্যটন সংশ্লিষ্ট সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানসহ সকলকে একসাথে কাজ করার আহ্বান জানাই।

আমি 'বিশ্ব পর্যটন দিবস-২০১৪' এর সাফল্য কামনা করি।

খোদা হাফেজ, বাংলাদেশ চিরজীবী হোক।

মো. আব্দুল হামিদ

প্রধানমন্ত্রী
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

১২ আশ্বিন ১৪২১
২৭ সেপ্টেম্বর ২০১৪

বাণী

বিশ্বের অন্যান্য দেশের ন্যায় বাংলাদেশেও 'বিশ্ব পর্যটন দিবস-২০১৪' পালন করা হচ্ছে জেনে আমি আনন্দিত। দিবসটির এবারের প্রতিপাদ্য 'Tourism and Community Development' অর্থাৎ 'স্থানীয় জনগোষ্ঠীর উন্নয়নে পর্যটন' যা বর্তমান প্রেক্ষাপটে যথার্থ সময়োপযোগী হয়েছে বলে আমি মনে করি।

বর্তমান বিশ্বে পর্যটন সর্ববৃহৎ শিল্প হিসেবে স্বীকৃত। এই শিল্পের সফলতা ও উন্নয়ন অনেকাংশে নির্ভর করে শিল্পটির সাথে জনসংশ্লিষ্টতার উপর। স্থানীয় জনগোষ্ঠীকে এই শিল্পের সাথে সম্পৃক্ত করে পর্যটন সংশ্লিষ্ট কর্মকাণ্ডে তাদের অংশগ্রহণ নিশ্চিত করতে পারলে সত্যিকারের সুফল পাওয়া সম্ভব। যা কর্মসংস্থান সৃষ্টির পাশাপাশি দেশের অর্থনৈতিক উন্নয়নে গুরুত্বপূর্ণ অবদান রাখতে পারে বলে আমার বিশ্বাস।

পর্যটন শিল্পের উন্নয়নে গত পাঁচ বছরে আমাদের সরকার বিভিন্নমুখী কর্মসূচি বাস্তবায়ন করেছে। স্থানীয় সংস্কৃতি, কৃষ্টি, ঐতিহ্য এবং প্রতিবেশগত ভারসাম্য বজায় রেখে সঠিক ব্যবস্থাপনার মাধ্যমে পর্যটন কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। আমরা জাতীয় পর্যটন নীতিমালা ২০১০ প্রণয়ন করেছি। পর্যটন শিল্পের উন্নয়নে ট্যুরিজম বোর্ড প্রতিষ্ঠা করেছি। বাংলাদেশের পর্যটন শিল্পকে বিশ্ববাসীর কাছে তুলে ধরতে 'Beautiful Bangladesh' ক্যাম্পেইন পরিচালনা করা হচ্ছে। পর্যটন শিল্পের সুফল যাতে স্থানীয় জনগোষ্ঠী ভোগ করতে পারে সে লক্ষ্য বাস্তবায়নেও আমরা নানামুখী পদক্ষেপ গ্রহণ করেছি।

পর্যটন শিল্প পরিচালনায় অধিকহারে স্থানীয় জনগোষ্ঠীর অংশগ্রহণের সুযোগ সৃষ্টি করতে আমি সরকারের পাশাপাশি বেসরকারি উদ্যোক্তাদের আরও এগিয়ে আসার আহ্বান জানাই।

আমি 'বিশ্ব পর্যটন দিবস-২০১৪' এর সার্বিক সাফল্য কামনা করছি।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু
বাংলাদেশ চিরজীবী হোক।

শেখ হাসিনা

রাশেদ খান মেনন, এম.পি
মন্ত্রী
বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ঢাকা

১২ আশ্বিন ১৪২১
২৭ সেপ্টেম্বর ২০১৪

বাণী

স্থানীয় জনগোষ্ঠীকে সম্পৃক্ত করে তাদের ভাগ্য উন্নয়নে পর্যটন শিল্পের ভূমিকার উপর গুরুত্বারোপের মধ্য দিয়ে সারা বিশ্বে এবছর 'বিশ্ব পর্যটন দিবস-২০১৪' পালিত হচ্ছে। এ বছর দিবসটির মূল প্রতিপাদ্য 'Tourism and Community Development' অর্থাৎ 'স্থানীয় জনগোষ্ঠীর উন্নয়নে পর্যটন' কে সামনে রেখে বিভিন্ন কর্মসূচি পালনের মধ্য দিয়ে বাংলাদেশে অত্যন্ত আড়ম্বরপূর্ণভাবে দিবসটি উদযাপনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

এবারের প্রতিপাদ্যে বিশ্বের একক বৃহত্তম শিল্প হিসেবে স্বীকৃত পর্যটন শিল্পে স্থানীয় জনগণের ব্যাপক অংশগ্রহণের সুযোগ সৃষ্টি এবং সুবিধা বঞ্চিত এসকল সাধারণ মানুষের ভাগ্য উন্নয়নে পর্যটন শিল্পের ভূমিকার প্রতি গুরুত্ব প্রদান করা হয়েছে। Community Based Tourism ধারনাটি বাংলাদেশে অনেকটা নতুন হলেও বর্তমান বৈশ্বিক প্রেক্ষাপটে খুবই জনপ্রিয় ও কার্যকর হয়ে উঠছে। যে কোন পর্যটন আকর্ষণীয় স্থানে পর্যটন কর্মকান্ড পরিচালনার ক্ষেত্রে স্থানীয় জনগণকে সম্পৃক্ত করা প্রয়োজন যাতে এই শিল্পের সুফল থেকে তারা বঞ্চিত না হয়। স্থানীয় পর্যটন উন্নয়নের নীতি নির্ধারনী প্রক্রিয়ায় স্থানীয় জনগোষ্ঠীকে অন্তর্ভুক্ত করতে পারলে পর্যটন খাতের প্রকৃত উন্নয়ন সম্ভব হবে।

স্থানীয় পর্যটন উন্নয়নের ক্ষেত্রে সেখানকার স্বতন্ত্র কৃষ্টি, ঐতিহ্য ও সংস্কৃতিকে অটুট রেখে এবং প্রতিবেশগত ভারসাম্য বজায় রেখে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করা সমীচীন। বাংলাদেশ অফুরন্ত পর্যটন সম্ভাবনার দেশ। এখানে রয়েছে হাজার বছরের ইতিহাস, ঐতিহ্য ও সংস্কৃতি। আরও আছে প্রাকৃতিক সৌন্দর্য ও জীববৈচিত্র্য। দেশের বিভিন্ন পর্যটন আকর্ষণীয় স্থানে Community based Tourism প্রচলনের মাধ্যমে স্থানীয় জনগণের কৃষ্টি, সংস্কৃতি, খাদ্যাভ্যাস, হস্তশিল্প, খেলাধুলা ও উৎসবসমূহ দেশী-বিদেশী পর্যটকদের নিকট তুলে ধরার সুযোগ সৃষ্টি হবে। ফলে এধরনের কর্মকান্ডে স্থানীয় জনগণ আরও বেশী সম্পৃক্ত হবে এবং স্থানীয় পর্যটন উন্নয়নে ব্যাপক অবদান রাখতে পারবে।

বাংলাদেশের অফুরন্ত পর্যটন সম্ভাবনাকে কাজে লাগিয়ে স্থানীয় জনগণকে পর্যটন কর্মকান্ডে সংযুক্ত করে তাদের অর্থনৈতিক উন্নয়ন নিশ্চিত করতে হবে। পাশাপাশি জাতীয় অর্থনৈতিক উন্নয়নে আমাদের পর্যটন শিল্প যাতে ব্যাপক অবদান রাখতে পারে তার জন্য বিশেষ প্রণোদনামূলক ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন। আমি আশা করি এবারের প্রতিপাদ্যের আহবানে সাড়া দিয়ে Community based Tourism ধারনাটি সফল বাস্তবায়নের মাধ্যমে স্থানীয় জনগণের মাঝে পর্যটনের সুফল পৌঁছে দিতে সরকারি-বেসরকারি সকলে একসাথে কাজ করতে এগিয়ে আসবে।

আমি বিশ্ব পর্যটন দিবস-২০১৪ এর সার্বিক সাফল্য কামনা করছি।

রাশেদ খান মেনন, এম পি

খোরশেদ আলম চৌধুরী
সচিব
বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ঢাকা

১২ আশ্বিন ১৪২১
২৭ সেপ্টেম্বর ২০১৪

বাণী

পর্যটন কর্মকান্ডে স্থানীয় জনগোষ্ঠীর অংশীদারিত্ব নিশ্চিতকরণের মাধ্যমে নিজেদের অর্থনৈতিক উন্নয়ন সাধনের তাগিদের মধ্য দিয়ে বিশ্বের অন্যান্য দেশের মত বাংলাদেশেও পালিত হচ্ছে 'বিশ্ব পর্যটন দিবস-২০১৪'। এবারে দিবসটির মূল প্রতিপাদ্য 'Tourism and Community Development' অর্থাৎ 'স্থানীয় জনগোষ্ঠীর উন্নয়নে পর্যটন' এর গুরুত্ব তুলে ধরে বিভিন্ন কর্মসূচি আয়োজনের মধ্য দিয়ে বাংলাদেশে দিবসটি উদযাপনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

এবারের প্রতিপাদ্যে সার্বজনীন পর্যটন শিল্পে স্থানীয় জনগণকে অর্ন্তভুক্ত করে প্রান্তিক জনগণের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন সাধনের বিষয়ে তাগিদ দেওয়া হয়েছে। টেকসই উন্নয়ন লক্ষ্য (Sustainable Development Goal) অর্জনে Community based Tourism এর ভূমিকার উপর গুরুত্বারোপ করা হয়েছে। বাংলাদেশে স্বল্প পরিচিত হলেও এর মাধ্যমে বিশ্বের বিভিন্ন উন্নয়নশীল দেশ পর্যটন ক্ষেত্রে প্রভূত উন্নয়ন সাধন করেছে। এর মূল লক্ষ্য হচ্ছে, বিশ্বের সর্ববৃহৎ এই পর্যটন শিল্পে স্থানীয় ও ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর মানুষদের সম্পৃক্ত করে স্থানীয় পর্যটনের উন্নয়ন ঘটানোর পাশাপাশি জাতীয় অর্থনীতিতে পর্যটনের অবদান নিশ্চিত করা।

পর্যটন কর্মকান্ড পরিচালনায় স্থানীয় জনগণকে অর্ন্তভুক্ত করতে পারলে তারা অর্থনৈতিক উন্নয়নে যথাযথ ভূমিকা রাখতে সক্ষম হবে। স্থানীয় সংস্কৃতি, ঐতিহ্য ও প্রতিবেশগত ভারসাম্য বজায় রেখে পর্যটন ব্যবসা পরিচালনায় স্থানীয় জনগণকে সংযুক্ত করতে হবে। পর্যটন ক্ষেত্রে বাংলাদেশ অমিত সম্ভাবনার দেশ। দেশের আনাচে-কানাচে ছড়িয়ে ছিটিয়ে আছে অসংখ্য পর্যটন উপাদান। বাংলাদেশের পর্যটন আকর্ষণসমূহের অধিকাংশই গ্রামাঞ্চলে অবস্থিত হওয়ায় পর্যটন কর্মকান্ডে গ্রামের মানুষের অংশগ্রহণের জন্য সুযোগ সৃষ্টি করতে হবে। দেশী-বিদেশী পর্যটকদের নিকট স্থানীয় জনগণ তাদের সমৃদ্ধ কৃষ্টি, সংস্কৃতি, উৎসব, খাদ্যাভ্যাস, হস্তশিল্প যাতে তুলে ধরতে পারে তার জন্য যথাযথ প্রচার ও বিপণন কৌশল নির্ধারন করতে হবে।

Community based Tourism প্রচলনে সরকারি-বেসরকারি উদ্যোক্তাদের এগিয়ে আসতে হবে। অতি স্বল্প পরিসরে হলেও এক্ষেত্রে কিছু উদ্যোক্তা কাজ শুরু করেছেন। তবে এই ব্যবসা পরিচালনার জন্য উদ্যোক্তা ও আগ্রহী স্থানীয় জনগণকে সহজ শর্তে ব্যাংক ঋণের ব্যবস্থা করে দিতে। বিদেশী বিনিয়োগকেও উৎসাহিত করতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। সর্বোপরি এই কর্মকান্ডে জনগণকে সম্পৃক্ত করতে অবশ্যই স্থানীয়ভাবে সচেতনতামূলক কর্মসূচির আয়োজন করতে হবে। ফলে সকলের সমন্বিত প্রচেষ্টার মাধ্যমে স্থানীয় জনগোষ্ঠীর উন্নয়নে দেশের পর্যটন শিল্প বিশেষ ভূমিকা রাখতে সক্ষম হবে।

বিশ্ব পর্যটন দিবস-২০১৪ সফল হোক।

খোরশেদ আলম চৌধুরী



চেয়ারম্যান
বাংলাদেশ পর্যটন করপোরেশন
ঢাকা

১২ আশ্বিন ১৪২১
২৭ সেপ্টেম্বর ২০১৪

বাণী

সমগ্র বিশ্বের ন্যায় জাতিসংঘ বিশ্ব পর্যটন সংস্থা (UNWTO)'র উদ্যোগে বিশ্ব পর্যটন দিবস-২০১৪ বাংলাদেশেও সাড়ম্বরে উদযাপিত হচ্ছে। এ বছর বিশ্ব পর্যটন দিবস-এর মূল প্রতিপাদ্য হচ্ছে **'স্থানীয় জনগোষ্ঠির উন্নয়নে পর্যটন'**।

বিশ্বের অর্থনৈতিক উন্নয়নে অন্যতম চালিকাশক্তি হিসেবে পর্যটন শিল্প বিবেচিত। পর্যটন একটি বহুমাত্রিক শিল্প বিধায় এর মাধ্যমে সমাজের বিভিন্ন স্তরের মানুষের কর্মসংস্থান সৃষ্টি এবং আর্থিক সুবিধা প্রদান করা যায়। টেকসই পর্যটন উন্নয়নের একটি প্রধান শর্ত হচ্ছে স্থানীয় জনগণের অংশগ্রহণ এবং তাঁদের আর্থিক অবস্থার উন্নয়ন। বাংলাদেশে শহর বা গ্রামীণ জনপদে কর্মসংস্থান সৃষ্টি এবং দারিদ্র্য হ্রাসকরণে স্থানীয় জনসাধারণের সক্রিয় অংশগ্রহণ টেকসই পর্যটন শিল্পের উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে। 'স্থানীয় জনগোষ্ঠির উন্নয়নে পর্যটন' হচ্ছে একটি কৌশল যার মাধ্যমে স্থানীয় জনগণকে পর্যটন শিল্পের প্রতিটি ধাপে তাদের সক্রিয় অংশগ্রহণ নিশ্চিতকরণ এবং পর্যটন কর্মকান্ডের মাধ্যমে জীবিকা নিশ্চিত করা।

বাংলাদেশের পর্যটন আকর্ষণসমূহ সুরক্ষা এবং পর্যটকদের কাছে সুন্দর করে তুলে ধরতে পারে স্থানীয় জনগণ। এ কারণে বাংলাদেশ সরকার জাতীয় পর্যটন নীতিমালা ২০১০-এ কমিউনিটি পর্যটন উন্নয়ন-কে গুরুত্ব দিয়েছে। বাংলাদেশের স্থানীয় জনগণের সক্রিয় অংশগ্রহণের মাধ্যমে সমাজভিত্তিক পর্যটন উন্নয়নের জন্য সরকারের পাশাপাশি বেসরকারি প্রতিষ্ঠান ও সংস্থাসমূহ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে। স্থানীয় জনগোষ্ঠী হস্তশিল্প সামগ্রী, অনুপম সাংস্কৃতিক ঐতিহ্য এবং জীবনাচরণ পর্যটকদের কাছে নান্দনিকভাবে উপস্থাপন এবং বিপণনে সহায়তা দিতে পারে।

এবছরের বিশ্ব পর্যটন দিবসের যে প্রতিপাদ্য তার যথাযথ বাস্তবায়নে সরকারি এবং বেসরকারি উদ্যোগের সমন্বয় প্রয়োজন। পর্যটন উন্নয়নের সংগে সংশ্লিষ্ট সকল অংশীদারদের যৌথ প্রচেষ্টায় বাংলাদেশ হতে পারে বিশ্ব পর্যটকদের কাছে কমিউনিটি পর্যটনের একটি আদর্শ গন্তব্য। এতে বাংলাদেশের জাতীয় অর্থনৈতিক উন্নয়নে ইতিবাচক প্রভাব ফেলবে। পর্যটন শিল্পের উন্নয়নের মাধ্যমে বাংলাদেশ এগিয়ে যাবে সমৃদ্ধির মহাসড়কে।

আমি বিশ্ব পর্যটন দিবস উপলক্ষে গৃহীত সকল উদ্যোগের সাফল্য কামনা করি।

অপরূপ চৌধুরী



প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশ ট্যুরিজম বোর্ড
ঢাকা

১২ আশ্বিন ১৪২১
২৭ সেপ্টেম্বর ২০১৪

বাণী

স্থানীয় জনগোষ্ঠীর জন্য সুযোগ-সুবিধা সৃষ্টির মাধ্যমে তাদের জীবনমান উন্নয়নে পর্যটন শিল্পের ভূমিকার উপর গুরুত্বারোপের মধ্য দিয়ে বাংলাদেশসহ সারা বিশ্বে পালিত হচ্ছে বিশ্ব পর্যটন দিবস-২০১৪। এবারে দিবসটির মূল প্রতিপাদ্য 'Tourism and Community Development' অর্থাৎ 'স্থানীয় জনগোষ্ঠীর উন্নয়নে পর্যটন'। এ প্রতিপাদ্যকে সামনে রেখে দিবসটি উদযাপন উপলক্ষ্যে জাতীয় পর্যটন সংস্থা হিসেবে বাংলাদেশ ট্যুরিজম বোর্ডের পক্ষ থেকে নানা কর্মসূচি গ্রহণ করা হয়েছে।

বহুমাত্রিকতার কারনে পর্যটন বর্তমানে বিশ্বের সবচেয়ে দ্রুত সম্প্রসারণশীল বাণিজ্যিক কর্মকান্ডে পরিণত হয়েছে। বিশাল এই কর্মকান্ডের সুফল সাধারন মানুষের নিকট পৌঁছানোর মাধ্যমে প্রকৃত অর্থনৈতিক উন্নয়ন সাধন করা সম্ভব। আর এই সুফল স্থানীয় জনগোষ্ঠীর নিকট পৌঁছে দিতে পর্যটন কর্মকান্ডে তাদেরকে সম্পৃক্ত করতে হবে। স্থানীয় পর্যায়ে পর্যটন উন্নয়নের জন্য নীতি নির্ধারণ ও পরিকল্পনা প্রণয়ন প্রক্রিয়ায় স্থানীয় জনগণ ও স্থানীয় সরকারকে অর্ন্তভুক্ত করতে হবে।

বাংলাদেশের রয়েছে বিপুল পর্যটন সম্ভাবনা। এখানকার নয়নাভিরাম প্রাকৃতিক সৌন্দর্য, বৈচিত্রময় সংস্কৃতি, সমৃদ্ধ ইতিহাস-ঐতিহ্য, কৃষ্টি, উৎসব, জীববৈচিত্র ইত্যাদি সম্ভাবনাকে যথাযথভাবে কাজে লাগিয়ে দেশের অর্থনৈতিক উন্নয়ন সাধনে পর্যটন শিল্পে স্থানীয় জনগণের অংশীদারিত্ব নিশ্চিত করতে হবে। গ্রাম প্রধান বাংলাদেশের সাধারন মানুষের জীবনযাত্রা, খাদ্যাভ্যাস, উৎসব, কৃষ্টি এবং স্থানীয় হস্ত ও কারু শিল্প সবসময়ই পর্যটকদের আকর্ষণ করে থাকে। দেশে টেকসই পর্যটন শিল্প গড়ে তুলতে Community Based Tourism (CBT) কে উৎসাহিত ও সহায়তা করতে হবে।

জাতীয় পর্যটন নীতিমালা-২০১০ এ দেশে CBT জনপ্রিয় করতে সরকারের উন্নয়ন প্রকল্পের আওতায় স্বল্প, মধ্য ও দীর্ঘ মেয়াদী কার্যক্রম গ্রহণের মাধ্যমে হোম-স্টে অপারেশন, ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর তরুন-তরুনীদেরকে ট্যুর গাইড হিসেবে তৈরীকরণ ও স্থানীয় সংস্কৃতিকর্মীদের সমন্বয়ে কমিটি গঠন করে পর্যটকদের জন্য আকর্ষণীয় সাংস্কৃতিক অনুষ্ঠানাদি আয়োজন করার নির্দেশনা রয়েছে। স্থানীয় জনগণকে তাদের নিজস্ব সংস্কৃতি, ঐতিহ্য এবং পরিবেশের ভারসাম্য অটুট রেখে পর্যটন ব্যবসা পরিচালনাসহ পর্যটন উন্নয়ন ও ব্যবস্থাপনায় সম্পৃক্ত করার বিষয়ে গুরুত্ব দেওয়া হয়েছে। CBT প্রচলনে উদ্যোক্তাদের প্রয়োজনীয় অর্থ সহায়তা ও অন্যান্য সুযোগ-সুবিধাদি নিশ্চিতকরণের জন্য ব্যাংক লোনের ব্যবস্থাসহ এ খাতে দেশী-বিদেশী বিনিয়োগ আকৃষ্ট করতে সরকারের পক্ষ থেকে বিভিন্ন প্রণোদনামূলক ব্যবস্থা গ্রহণ প্রয়োজন।

জাতীয় পর্যটন সংস্থা হিসেবে বাংলাদেশ ট্যুরিজম বোর্ড CBT সহ দেশের পর্যটন সংশ্লিষ্ট সকল কর্মকান্ডে সরকারের পক্ষ থেকে সকল ধরনের সহায়তা করে চলেছে। আমি আশা করি বেসরকারি উদ্যোগকারগণও এই কর্মকান্ডে অংশ নিতে এগিয়ে আসবে এবং জাতীয় অর্থনৈতিক উন্নয়নে অবদান রাখবে। আমি 'বিশ্ব পর্যটন দিবস-২০১৪' এর সফলতা কামনা করি।

আখতারুজ জামান খান কবির

Bangladesh Tourism Board
National Tourism Organization

Ministry of Civil Aviation and Tourism